# গণভোটে ভোটকেন্দ্র বাড়ানোর পরিকল্পনা নেই: ইসি সচিব



সংগৃহীত ছবি

গণভোট আয়োজনের জন্য অতিরিক্ত ভোটকেন্দ্রের প্রয়োজন নেই বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) সচিব আখতার আহমেদ। তিনি জানান, কেন্দ্র না বাড়িয়ে বরং ভোটারদের সুবিধার্থে গোপন কক্ষের সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

রোববার (৩০ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আন্তঃমন্ত্রণালয় সমন্বয় বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য দেন।

ইসি সচিব বলেন, আগামী বছরের নির্বাচন হবে "শতাব্দীর অন্যতম বৃহৎ নির্বাচন"— যেখানে জাতীয় নির্বাচন, গণভোট ও প্রবাসীদের ভোটগ্রহণ একসঙ্গে পরিচালনা করতে হবে। এই প্রক্রিয়া সফল করতে নির্বাচন কমিশন, মাঠ প্রশাসন ও বিচারবিভাগের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয় জরুরি বলে উল্লেখ করেন তিনি।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগের কিছু নেই জানিয়ে আখতার আহমেদ বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে পুরোপুরি সতর্ক রয়েছে।

এ সময় তিনি আরও জানান, পোস্টাল ভোটিং ব্যবস্থায় ইতোমধ্যে প্রায় এক লাখ প্রবাসী ভোটার নিবন্ধন করেছেন।

LENS ASIA